# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 03.04.24** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) লোকসভা ভোট অবাধ ও শান্তিপূর্ণ করতে বিভিন্ন দপ্তর ও কেন্দ্রীয় এজেন্সির মধ্যে নিবিড় সমন্বয় এবং সহযোগিতা সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন রাজ্য প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

কমিশন নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা আজ কলকাতায় এসেছেন।

২) উত্তরবঙ্গে জনসভার মধ্যে দিয়ে এরাজ্যে আগামীকাল প্রচার শুরু করছেন প্রধানমন্ত্রী। মুখ্যমন্ত্রীও আগামীকাল উত্তরবঙ্গে জনসভা করবেন।

৩) জলপাইগুড়ির ঝড় বিধ্বস্ত এলাকায় ত্রাণ সামগ্রী বন্টনে অব্যবস্থা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৪) প্রবল গরম ও তাপপ্রবাহের পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্য সরকার সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে।

---

আসন্ন লোকসভা ও বিধানসভার উপনির্বাচন অবাধ ও শান্তিপূর্ন করতে রাজ্য প্রশাসনকে সংশ্লিষ্ট দপ্তর এবং কেন্দ্রীয় এজেন্সিগুলির মধ্যে নিবিড় সমন্বয় ও সহযোগিতা সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ বিভিন্ন রাজ্যের মুখ্যসচিব, পুলিশের ডিজি ও কেন্দ্রীয় এজেন্সির শীর্ষ আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। এরাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা ও ডিজিপি সঞ্জয় মুখোপাধ্যায় এতে যোগ দিয়েছিলেন। কোন অবস্থাতেই ভোটাররা যেন ভয় না পান তা সুনশ্চিত করতে আন্তঃরাজ্য ও আন্তর্জাতিক সীমানায় সুরক্ষা এবং প্রতিবেশী রাজ্যগুলির সঙ্গে নিরাপত্তা সংক্রান্ত সমন্বয় বৃদ্ধি করতে নির্বাচন কমিশনার নির্দেশ দিয়েছেন বলে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে।

নিয়মিত নজরদারির সঙ্গে ভোট গ্রহনের ৪৮ ঘন্টা আগে আন্তঃরাজ্য সীমানা সিল করে দিতে হবে। রাজ্য পুলিশের সঙ্গে সমন্বয় রেখে কেন্দ্রীয় সংস্থাকে যৌথ চেক পোস্ট তৈরি করতে বলা হয়েছে। স্পর্শকাতর বুথ ছাড়াও সীমান্তবর্তী জেলাগুলিতে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করতে হবে। প্রার্থী ও ভোট কর্মীদের সুরক্ষায় নিতে হবে সব ধরনের ব্যবস্থা।

এদিকে, পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা আজ কলকাতায় এসেছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব এবং নির্বাচন দপ্তরের কর্তা ব্যক্তিদের সঙ্গে বৈঠক করেছেন তিনি।

-----------------------

লোকসভা ভোটের প্রথম পর্যায়ে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা নিয়ে আলোচনা করতে নির্বাচন কমিশন বৈঠকে বসছে। আগামী শনিবার ওই বৈঠকে উপস্থিত

থাকার জন্য রাজ্য পুলিশের নোডাল অফিসার এবং কেন্দ্রীয় বাহিনীর কো অর্ডিনেটর বি কে শর্মাকে চিঠি দেওয়া হয়েছে। রাজ্যের প্রথম দফার ভোটে সব বুথে কেন্দ্রীয় বাহিনী থাকা নিয়ে অনিশ্চিত নির্বাচন কমিশন। কমিশন সূত্রে খবর, প্রথম দফার তিনটি আসনে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করাতে প্রায় ৩৫০ কোম্পানি বাহিনী প্রয়োজন।

---------------------

লোকসভা ভোটের দ্বিতীয় দফার জন্য মনোনয়ন পেশের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। এই দফায় পশ্চিমবঙ্গের দার্জিলিং, বালুরঘাট ও রায়গঞ্জ আসনে ভোট নেওয়া হবে ২৬শে এপ্রিল।

বালুরঘাটের বিজেপি প্রার্থী দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ মনোনয়ন পেশ করেন। এক বর্ণাঢ্য পদযাত্রায় তাঁর সঙ্গে জেলাশাসকের দপ্তরে যান ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডঃ. মানিক সাহা, বালুরঘাটের বিজেপি বিধায়ক ডঃ অশোক লাহিড়ী সহ দলীয় নেতা কর্মীরা।

দার্জিলিং কেন্দ্রে মনোনয়ন পেশ করেছেন বিজেপি প্রার্থী রাজু বিস্তা।

রায়গঞ্জ আসনে বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী হিসাবে মনোনয়ন জমা দিয়েছেন আলি ইমরান রামজ। তার আগে বিশাল একটি মিছিল রায়গঞ্জ শহর পরিক্রমা করে।

এদিকে, আগামীকাল কোচবিহারের জনসভা দিয়ে এরাজ্যে প্রথম নির্বাচনী প্রচার শুরু করছেন বিজেপির শীর্ষ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আগামীকাল সভা করবেন কোচবিহারের মাথাভাঙায়।

---------------------

প্রথম দফার ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে নির্বাচনী প্রচার।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ মুর্শিদাবাদের বহরমপুরে প্রচারে অংশ নিয়ে বলেন, সংশোধিত নাগরিকত্ব আইন - সিএএ নিয়ে মানুষকে মিথ্যা ভয় দেখানো হচ্ছে।

বাইট

নদীয়ার কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্র আজ ভীমপুরে রোড শো করেন। আশাননগরের নাইকুড়া গ্রামে জন সংযোগ করতে দেখা যায় বিজেপি প্রার্থী অমৃতা রায়কে। বিকেলে কৃষ্ণনগরের দোগাছি এলাকায় প্রচার সারেন সিপিআইএম প্রার্থী এস এম সাদিক।

অন্যদিকে, জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী জয়ন্ত রায়ের প্রচার গাড়ির ওপর কালো পতাকা নিয়ে তৃণমূল কংগ্রেস কর্মীরা হামলা চালায় বলে অভিযোগ। মালবাজারের বাগরাকোট এলাকায় মিনা মোড়ের কাছে তাঁর গাড়ির সামনে বিক্ষোভ দেখানো হয়। দেওয়া হয় গো ব্যাক স্লোগান।

-----------------------

তাঁর বাড়ির চারপাশে ক্লোজ সার্কিট ক্যামেরা লাগিয়ে নজরদারি চালাচ্ছে রাজ্য প্রশাসন, এই অভিযোগ জানিয়ে কলকাতা হাইকোর্টে রাজ্যের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অর্জুন সিং। তাঁর দাবি, তৃণমূল কংগ্রেস থেকে বিজেপিতে ফিরতেই তাঁর বাড়ির চারপাশে ক্লোজ সার্কিট ক্যামেরা লাগিয়েছে রাজ্য প্রশাসন। এতে তাঁর ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন হচ্ছে। বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে আগামী সপ্তাহে এই মামলার শুনানি হতে পারে।

প্রসঙ্গত, লোকসভা ভোটে তৃণমূলের প্রার্থী হতে না পেরে বিজেপিতে ফিরে যান অর্জুন সিং।

----------------------

প্রবল গরম ও তাপপ্রবাহের পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্য সরকার সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে। পাশাপাশি জল ও বিদ্যুৎ সরবরাহ যাতে ব্যাহত না হয়, প্রশাসনকে তা নিশ্চিত করতে বলা হয়েছে। জেলাশাসকদের এজন্য বিদ্যুত্ এবং জনস্বাস্থ্য কারিগরি দফতরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করতে হবে। কোনওভাবেই যাতে জল সঙ্কট অথবা বিদ্যুতের যোগানে সমস্যা তৈরি না হয় এবং আপতকালীন পরিস্থিতির জন্য যাতে সংশ্লিষ্ট দফতর তৈরি থাকে, সেই পরামর্শও দিয়েছে নবান্ন।

আবহাওয়া দফতর, চলতি সপ্তাহেই পশ্চিমাঞ্চলের একাধিক জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি তৈরির সতর্কতা জারি করেছে। দক্ষিণবঙ্গের একাধিক জেলায় লু বইতে পারে। কলকাতার তাপমাত্রা ছুঁতে পারে ৩৮ ডিগ্রি সেলসিয়াসে। এপ্রিলের শুরুতেই গরমের দাপটে মানুষ নাজেহাল। সেকারণেই এই সতর্কতা।

এর পাশাপাশি সাধারণ মানুষের সুরক্ষার জন্যও একাধিক নির্দেশিকা জারি করা হয়েছে। সুতির হালকা জামা কাপড় পরতে হবে। রোদে বেরোলে ছাতা ব্যবহার এবং শরীরে জলের যোগান ঠিক রাখতে বারবার জল, ORS, লস্যি ইত্যাদি পান করার পরামর্শ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সর্বোচ্চ ও সর্বনিম্ন দুটি তাপমাত্রাও স্বাভাবিকের তিন ডিগ্রি ওপরে।

----------------------

কয়েক মিনিটের টর্নেডোর তান্ডবে লন্ডভন্ড জলপাইগুড়ির বিস্তীর্ণ এলাকার মানুষ আজ ত্রাণের দাবিতে বিডিও অফিসের কর্মীদের ঘিরে বিক্ষোভ দেখান। গাছের গুঁড়ি ফেলে রাস্তা অবরোধ করা হয়। সকালেই জেলাশাসক ও পুলিশ সুপার ত্রাণ সামগ্রী নিয়ে ময়নাগুড়ি বার্নিশ এলাকায় পৌঁছলে দুর্গত মানুষজন ক্ষোভে ফেটে পড়েন। পরে অবশ্য প্রশাসনের পক্ষ থেকে তাদের মধ্যে ত্রাণ সামগ্রী বিলি করা হয়।

আমাদের জেলা সংবাদদাতা চন্দনা চৌধুরী আজও বিপর্যস্ত এলাকায় গিয়ে কথা বলেন, সর্বস্ব হারানো মানুষজনের সঙ্গে।

ভয়েসকাস্ট

এদিকে, ঘূর্ণিঝড় বিধ্বস্ত জলপাইগুড়ি জেলার ক্ষয়ক্ষতি ঘুরে দেখতে রবিবার রাতেই পৌঁছে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এখনও উত্তরবঙ্গেই রয়েছেন তিনি। আজ চালসায় একটি চাবাগানে গিয়ে কর্মরত শ্রমিকদের সঙ্গে তিনি কথা বলেন। তাদের সঙ্গে হাত মিলিয়ে চা পাতাও তোলেন মুখ্যমন্ত্রী। ঝড়ে ক্ষতিগ্রস্তদের কাছে পর্যাপ্ত ত্রাণ সামগ্রী না পৌঁছনো নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সবাইকেই ত্রাণ সাহায্য দেওয়া হয়েছে।

বাইট

অন্যদিকে, বিজেপি নেতা জগন্নাথ চট্টোপাধ্যায় আজ এক সাংবাদিক বৈঠকে, দুর্গতদের মধ্যে ত্রাণ বন্টনে অব্যবস্থার জন্য রাজ্য সরকারকেই দায়ী করেছেন।

বাইট

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, ঝড় বিধ্বস্ত জলপাইগুড়িতে ত্রাণ নিয়ে বিক্ষোভ ও জনরোষ সঙ্গত। রাজ্য বিপর্যয় ত্রাণ তহবিল থেকে এপর্যন্ত কত টাকা খরচ করা হয়েছে, তার খতিয়ান প্রকাশ্যে আনার দাবি জানিয়েছেন তিনি।

বাইট

-----------------------

হায়দ্রাবাদের এসিএ ভিডিসিএ ক্রিকেট স্টেডিয়ামে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, দিল্লি ক্যাপিটালস এর মুখোমুখি হয়েছে। কলকাতা টসে জিতে প্রথমে ব্যাট করছে। শেষ পাওয়া খবরে কলকাতা ৫ ওভারে ১ উইকেটে ৭০ রান করেছে।

----------------------- -----------------------